**AKASHVANI(AIR)**

**RNU: KOLKATA**

**Bengali Text Bulletin**

**28-05-2026** **Time: 1.30 PM**

বিশেষ বিশেষ খবরঃ-

১। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ সিকিম পুলিশকে মর্যাদাপূর্ণ প্রেসিডেন্টস পুলিশ কালার সম্মানে ভূষিত করেছেন। দেশের পঞ্চদশ রাজ্য এবং উত্তর-পূর্বাঞ্চলের তৃতীয় রাজ্য হিসেবে সিকিম এই স্বীকৃতি অর্জন করেছে।

২। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী স্বচ্ছ ভারত মিশন 2.0 বাস্তবায়নের ওপর জোর দিয়েছেন।

৩। ভারত ও চীন, সীমান্ত এলাকার পরিস্থিতি পর্যালোচনা করে সীমান্তে শান্তি ও স্থিতিশীলতা বজায় রাখার ক্ষেত্রে অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করেছে।

৪। মার্কিণ যুক্তরাষ্ট্র নতুন করে সামরিক হামলা চালাবার পর ইরান, দেশের দক্ষিণ পশ্চিমে বন্দর আব্বাসের কাছে একটি মার্কিণ সামরিক ঘাঁটিতে আজ ভোরে আঘাত হেনেছে। এর প্রেক্ষিতে আন্তার্জাতিক বাজারে জ্বালানী তেলের দাম উর্ধমুখি।

৫। চিরাচরিত ধর্মীয় মর্যাদায় আজ ঈদ উজ্জোহা পালিত হচ্ছে। রাষ্ট্রপতি, উপরাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী সকলকে শুভেচ্ছা জানিয়েছেন।

৬। সিঙ্গাপুর ওপেন ব্যাডমিন্টনে ভারতের লক্ষ্য সেন, পি ভি সিন্ধু, চিরাগ শেট্টি ও সাত্বিকসাইরাজ রঙ্কিরেড্ডির পুরুষদের ডাবলস জুটি এবং ধ্রুব কপিলা ও তানিশা ক্রাস্টোর মিক্সড ডাবলস জুটি কোয়ার্টার ফাইনালে উঠেছেন।

---

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ সিকিম পুলিশকে মর্যাদাপূর্ণ প্রেসিডেন্টস পুলিশ কালার সম্মানে ভূষিত করেছেন। গ্যাংটকের পালজোর স্টেডিয়ামে আজ এই উপলক্ষে বিশেষ কুচকাওয়াজের আয়োজন হয়। পুরস্কার প্রাপ্ত হিসেবে দেশের ১৫তম রাজ্য এবং উত্তর-পূর্বাঞ্চলের তৃতীয় রাজ্য হিসেবে সিকিম এই স্বীকৃতি অর্জন করেছে। অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু পুলিশ বাহিনীকে আরও বেশি নাগরিক কেন্দ্রিক হওয়ার আহ্বান জানান। তিনি জোর দিয়ে বলেন যে, মানুষের, বিশেষ করে মহিলা, দরিদ্র এবং শিশুদের সঙ্গে আচরণ করার সময় পুলিশকে অবশ্যই আরও বেশি সংবেদনশীল হতে হবে। শ্রীমতি মুর্মু বলেন, সাইবার অপরাধ, অনলাইন প্রতারণা, ডিপ ফেক ইত্যাদি মোকাবিলায় পুলিশকে সবসময় প্রস্তুত থাকতে হবে। তিনি আশা প্রকাশ করেন যে, সিকিম পুলিশ সমস্ত আধুনিক প্রযুক্তি ও মাধ্যম ব্যবহার করে এই চ্যালেঞ্জগুলো সফলভাবে মোকাবিলা করবে। আইন-শৃঙ্খলা পরিস্থিতি বজায় রাখা এবং দুর্যোগ মোকাবিলায় সিকিম পুলিশের ভূমিকার তিনি ভূয়সী প্রশংসা করেন।

বাইট

প্রেসিডেন্টস পুলিশ কালার হলো দেশের কোনো পুলিশ বাহিনীকে প্রদত্ত সর্বোচ্চ আনুষ্ঠানিক সম্মাননা। অসাধারণ সেবা, শৃঙ্খলা এবং রাষ্ট্রের প্রতি নিবেদিতপ্রাণ সেবার স্বীকৃতিস্বরূপ এই সম্মান প্রদান করা হয়।

-------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী স্বচ্ছ ভারত মিশন 2.0-এর বাস্তবায়নের ওপর জোর দিয়েছেন। গতকাল নতুন দিল্লিতে ৫১-তম প্রগতি বৈঠকে তিনি বলেছেন, এই উদ্যোগকে শুধু পরিকাঠামো নির্মাণের মধ্যে সীমাবদ্ধ না রেখে নিয়মিত পর্যবেক্ষণ, নাগরিক অংশগ্রহণ এবং বিভিন্ন অংশগ্রহণকারীদের মধ্যে সমন্বয়ের মাধ্যমে কার্যকরী

করে তুলতে হবে। বৈঠকে তিনি রাজ্যগুলিকে বর্জ্য ব্যবস্থাপনা সম্পর্কিত পরিকাঠামোর কাজ দ্রুত শেষ করতে বলেছেন।

এদিনের বৈঠকে ৯-টি রাজ্যের রেল-বিদ্যুৎ এবং সড়ক উন্নয়নের প্রায় ৩০ হাজার কোটি টাকার যে সকল প্রকল্প চলছে সেরকম সাতটি প্রকল্পের পর্যালোচনা করেছেন। বৈঠকে বিদ্যুৎ ক্ষেত্রের প্রকল্পগুলির বিষয়ে আলোচনার সময় প্রধানমন্ত্রী দেশের বড় শহর, আবাসিক এলাকা, এবং সরকারী প্রতিষ্ঠানগুলির ছাদে সোলার প্যানেল বসানোর গতি বাড়ানোর প্রয়োজনীয়তার ওপর জোর দেন। তিনি বলেন, বিদ্যুতের খরচ কমাতে, এবং দেশে জ্বালানি নিরাপত্তা বাড়ানোর জন্য সৌরবিদ্যুৎ ব্যবহার গুরুত্বপূর্ণ।

-------------------

ভারতীয় জনতা পার্টি – বিজেপি আজ তিনটি রাজ্য এবং জাতীয় রাজধানী দিল্লির জন্য নতুন রাজ্য সভাপতির নাম ঘোষণা করেছে। দলের সভাপতি নীতিন নবীন পূর্ব দিল্লির সাংসদ এবং কেন্দ্রীয় মন্ত্রী হর্ষ মালহোত্রাকে দলের দিল্লি শাখার সভাপতি হিসেবে নিয়োগ করেছেন। ড. অর্চনা গুপ্তাকে হরিয়ানা বিজেপির প্রধান হিসেবে এবং কেবল সিং ধিলোঁকে পাঞ্জাব বিজেপির নতুন সভাপতি হিসেবে দায়িত্ব দেওয়া হচ্ছে। ত্রিপুরা বিজেপির সভাপতি হচ্ছেন অভিষেক ডেবরায়। এই নিয়োগগুলোর মধ্য দিয়ে, শ্রী নবীন রাজ্যস্তরের পাশাপাশি জাতীয় স্তরেও নতুন পদাধিকারীদের দল নির্বাচনের প্রক্রিয়া শুরু করেছেন।

-------------------

ভারত ও চীন, সীমান্ত এলাকার পরিস্থিতি পর্যালোচনা করে সীমান্তে শান্তি ও স্থিতিশীলতা বজায় রাখার ক্ষেত্রে অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করেছে। গতকাল বেজিংয়ে

ভারত-চীন সীমান্ত বিষয়ক ওয়ার্কিং মেকানিজম ফর কনসালটেশন অ্যান্ড কোঅর্ডিনেশন বা ডব্লিউএমসিসির ৩৫তম বৈঠকে এই পর্যালোচনা করা হয়।

বৈঠকে ভারতীয় প্রতিনিধিদলের নেতৃত্ব দেন পূর্ব এশিয়া বিষয়ক যুগ্ম সচিব সুজিত ঘোষ এবং চীনা প্রতিনিধিদলের নেতৃত্বে ছিলেন সেদেশের বিদেশমন্ত্রকের সীমান্ত ও মহাসাগর বিষয়ক বিভাগের মহানির্দেশক হু ইয়ানকি।

বিদেশমন্ত্রক জানিয়েছে, বৈঠকটি গঠনমূলক ও ভবিষ্যৎমুখী হয়েছে। দু'পক্ষই সীমান্ত নির্ধারণ, সীমান্ত ব্যবস্থাপনা, কর্মপদ্ধতি রূপায়ণ এবং আন্তঃসীমান্ত সহযোগিতার মতো বিষয়গুলি নিয়ে আলোচনা করেছে। মন্ত্রক আরও জানিয়েছে, আন্তঃসীমান্ত নদী সংক্রান্ত পরবর্তী বিশেষজ্ঞ পর্যায়ের বৈঠকটি যাতে দ্রুত আয়োজন করা যায়, তার ওপর জোর দিয়েছে ভারতীয় পক্ষ।

বৈঠকে উভয় পক্ষই ২৪তম বিশেষ প্রতিনিধি বা এসআর পর্যায়ের আলোচনার সিদ্ধান্ত অনুযায়ী, কূটনৈতিক ও সামরিক স্তরে নিয়মিত যোগাযোগ ও মতবিনিময় বজায় রাখতে সম্মত হয়েছে। পাশাপাশি, চীনে অনুষ্ঠিত হতে চলা পরবর্তী বিশেষ প্রতিনিধি পর্যায়ের বৈঠকের চূড়ান্ত প্রস্তুতির জন্য একসঙ্গে কাজ করার বিষয়েও সহমত প্রকাশ করেছে দু'দেশ। সফরকালে ভারতীয় প্রতিনিধিদলের প্রধান, চীনা বিদেশমন্ত্রকের এশীয় বিষয়ক বিভাগের মহানির্দেশক লিউ জিনসং-এর সঙ্গে বৈঠক করেন এবং চীনা সহকারী বিদেশমন্ত্রী হং লেইয়ের সঙ্গে এক সৌজন্য সাক্ষাৎকারে মিলিত হন।

-------------------

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, দেশের সীমান্ত থেকে ১৫ কিলোমিটার অভ্যন্তর পর্যন্ত তৈরি হওয়া অবৈধ নির্মাণের বিরুদ্ধে 'জিরো টলারেন্স' নীতি কঠোরভাবে প্রয়োগ করার নির্দেশ দিয়েছেন। বিগত বছরগুলিতে গড়ে ওঠা এধরণের সমস্ত নির্মাণ ভেঙে

ফেলার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষগুলিকে নির্দেশ দিয়েছেন তিনি। রাজস্থানের বিকানেরে নিরাপত্তা সংক্রান্ত এক পর্যালোচনা সভায় ভারত-পাকিস্তান সীমান্তবর্তী জেলাগুলির সুরক্ষার বিষয়টি খতিয়ে দেখেছেন তিনি। দেশের সীমান্ত এলাকার ব্যাঙ্কগুলিতে আইন মেনে আর্থিক লেনদেন নিশ্চিত করতে, বড় ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলির আর্থিক তহবিলের উৎস খতিয়ে দেখতে ও ভুয়ো সংস্থা সনাক্ত করতে জেলাশাসকদের নির্দেশ দিয়েছে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক। সীমান্তে মাদক পাচার-সহ অন্যান্য অপরাধমূলক কাজ রোধে স্থায়ী সমাধান তৈরি করতে জেলাগুলিকে নির্দেশ দেওয়া হয়েছে। সীমান্তবর্তী গ্রামগুলির বাসিন্দারা যাতে সরকারি প্রকল্পের সম্পূর্ণ সুবিধা পান তাও নিশ্চিত করতে বলেছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী।

------------------

ভারত বাংলাদেশ সীমান্তের অরক্ষিত অংশে কাঁটাতার দেওয়া এবং সীমান্ত চৌকি বসানোর জন্য পশ্চিমবঙ্গ সরকার, ১৪২ দশমিক ৭/৯ একর জমি সীমান্ত রক্ষী বাহিনী বি এস এফকে হস্তান্তর করেছে। এর মধ্যে সবচেয়ে বেশী জমি দেওয়া হয়েছে মূর্শিদাবাদে – ৩৮ একরের বেশী। এরপরই রয়েছে জলপাইগুড়ি। সেখানেই হস্তান্তর করা জমির পরিমাণ ৩৫ দশমিক ১/৬ একর। গত ১১ই মে রাজ্যের নতুন বিজেপি সরকারের মন্ত্রিসভার প্রথম বৈঠকে ৪৫ দিনের মধ্যে ৬শো একর জমি বি এস এফের হাতে তুলে দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছিল । সামাজিক মাধ্যমের এক বার্তায় মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানান, সীমান্ত নিরাপত্তা আরো জোরদার করার লক্ষ্যে সরকার আরো নিবিড় পদক্ষেপ গ্রহণের উদ্যোগ নিয়েছে। তিনি রাজ্যের ৯ টি জেলায় কত পরিমাণ জমি বি এস এফকে দেওয়া হয়েছে তার জেলাভিত্তিক বিস্তারিত তথ্য-ও সমাজমাধ্যমে শেয়ার

করেছেন। প্রথম দফায় গত বিশে মে ৫ জেলার ৪৩ একর জমি অধিগ্রহন করা হয়েছে এবং প্রায় ৩২ একর জমির অনুমোদনপত্র বি এস এফের হাতে তুলে দেওয়া হয়।

উল্লেখ্য, পশ্চিমবঙ্গে ভারত- বাংলাদেশ সীমান্তের দৈর্ঘ্য দেশের মধ্যে সর্বাধিক- ২ হাজার ২ শো ১৭ কিলোমিটার। এর মধ্যে প্রায় ১৬ শো কিলোমিটার সীমান্তে কাঁটাতার দিয়ে ঘেরা হলেও ৬শো কিলোমিটার সীমান্ত এতদিন অরক্ষিত ছিল।

------------------

ইরানের ইসলামিক রেভল্যুশনারি গার্ড কর্পস- আই আর জি সি জানিয়েছে যে, দেশের দক্ষিণাঞ্চলে মার্কিন বাহিনীর সাম্প্রতিক হামলার জবাবে তারা আজ খুব ভোরে একটি মার্কিন ঘাঁটিতে আঘাত হেনেছে। বন্দর আব্বাস বিমানবন্দরের কাছে  মার্কিন বাহিনীর সাম্প্রতিক হামলাগুলোর উৎস ছিল এই মার্কিন বিমান ঘাঁটিটিই। আই আর জি সি আরো জানিয়েছেন যে তেহরানের এই সাম্প্রতিক পদক্ষেপ  মার্কিণ  যুক্তরাষ্ট্রের প্রতি একটি কঠোর হুঁশিয়ারি।

উল্লেখ্য, বুধবার রাতে ইরানকে লক্ষ্য করে মার্কিণ যুক্তরাষ্ট্র নতুন করে সামরিক হামলা চালানোর পরপরই এই ঘটনা ঘটল। মার্কিণ যুক্তরাষ্ট্রের দাবি ছিল, ইরানের ওই সামরিক ঘাঁটি তাদের বাহিনীর জন্য হুমকি হয়ে দাঁড়িয়েছিল। মার্কিন সেন্ট্রাল কমান্ড জানিয়েছে যে, তারা ইরানের চারটি ওয়ান-ওয়ে অ্যাটাক ড্রোন ভূপাতিত করেছে এবং এরপর বন্দর আব্বাসে অবস্থিত ইরানের গ্রাউন্ড কন্ট্রোল স্টেশনটিকে লক্ষ্য করে হামলা চালিয়েছে। এখান থেকেই পঞ্চম ড্রোনটি উৎক্ষেপণের প্রস্তুতি চলছিল। ইরানের সংবাদমাধ্যমগুলো শহরের পূর্বাঞ্চলে বিস্ফোরণের খবর দিলেও, ইরানি কর্তৃপক্ষ জানিয়েছে যে,  এই হামলায় কোনো ক্ষয়ক্ষতি বা হতাহতের ঘটনা ঘটেনি।

নতুন করে এই সামরিক সংঘর্ষে দুটি দেশ আবার জড়িয়ে পড়ায় যুদ্ধ বিরতি প্রস্তাবে চিড় ধরবে বলেই মনে করা হচ্ছে। এরফলে হরমুজ প্রণালী দিয়ে জাহাজ চলাচলে মারাত্মকভাবে ব্যাহত করেছে এবং বিশ্বজুড়ে জ্বালানির দাম অস্বাভাবিক হারে বাড়িয়ে দিয়েছে।

-------------------

ইরানের কৌশলগত বন্দর শহর, বন্দর আব্বাসের একটি সামরিক ঘাঁটিতে আমেরিকার নতুন করে হামলা চালানোর জেরে আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দাম এক ধাক্কায় অনেকটাই বেড়ে গেছে। বিশ্ব বাজারে 'ব্রেন্ট ক্রুড'-এর দাম ৩ দশমিক ৭/৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ব্যারেল প্রতি ৯৭ ডলার ৮৩ সেন্টে পৌঁছেছে। অন্যদিকে, মার্কিন বাজারে অপরিশোধিত তেলের দাম ৪ শতাংশ বেড়ে হয়েছে ব্যারেল প্রতি ৯২ ডলার ২২ সেন্ট।

উল্লেখ্য, বিশ্বের মোট তেল ও তরলীকৃত প্রাকৃতিক গ্যাস বা এলএনজি-র প্রায় এক-পঞ্চমাংশ সরবরাহ এই হরমুজ প্রণালীর মাধ্যমেই হয়ে থাকে। চলতি সপ্তাহে হরমুজ প্রণালী পুনরায় খুলে দেওয়ার বিষয়ে দ্রুত কোনো চুক্তি হতে পারে—এমন আশায় তেলের দাম অনেকটাই কমতে শুরু করেছিল। কিন্তু আমেরিকার এই সাম্প্রতিক হামলার পর পরিস্থিতি আবার উত্তপ্ত হয়ে উঠেছে।

-------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, রবিবার ৩১ শে মে, আকাশবাণীতে “মন কি বাত” অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা-ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩৪-তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে। আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে।

হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে, এর আঞ্চলিক ভাষার তর্জমা।

'মন কি বাত'- এর জন্য এবারও সাধারণ মানুষের পরামর্শ, বক্তব্য ও মতামত জানতে চেয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। বার্তা পাঠানো যাবে, MyGov Open Forum, Narendra Modi App, কিংবা 1800-11-7800 টোল ফ্রি নম্বর-এ ।

-------------------

চিরাচরিত ধর্মীয় মর্যাদায় আজ EID UZ ZUHA পালিত হচ্ছে।

এই উপলক্ষে সকলকে শুভেচ্ছা জানিয়েছেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। এক বার্তায় তিনি বলেছেন, এই উৎসব ভক্তি-ত্যাগ ও নিঃস্বার্থতার প্রতীক। এই উৎসব নাগরিকদের মানব সেবার অনুপ্রাণিত করেন বলে তিনি জানান। সমাজে ভালোবাসা ও সম্প্রীতি প্রসারের জন্য নাগরিকদের প্রতি আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি।

উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন সামাজিক মাধ্যমে এক বার্তায় শ্রী রাধাকৃষ্ণন এই পবিত্র উৎসব সকলের জন্য শান্তি, সুখ এবং সদ্ভাব বয়ে আনবে বলে আশা ব্যক্ত করেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ঈদ উল আজহা উপলক্ষে জনগণকে শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে এক পোস্টে শ্রী মোদী আশা প্রকাশ করেন যে, এই উৎসব সমাজে ভ্রাতৃত্ব ও আনন্দের অনুভূতিকে আরও গভীর করবে। তিনি সকলের সাফল্য ও সুস্বাস্থ্যের জন্য প্রার্থনাও করেছেন।

-------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ স্বাধীনতা সংগ্রামের বীর বিপ্লবী বিনায়ক দামোদর সাভারকরের জন্মবার্ষিকীতে তাঁকে স্মরণ করেছেন। সামাজিক মাধ্যমের এক পোস্টে প্রধানমন্ত্রী বলেছেন, বীর সাভারকরের সাহস ও দেশপ্রেম সর্বদা মানুষকে অনুপ্রাণিত করবে। শ্রী মোদী আরও বলেন, বীর সাভারকরের প্রজ্ঞা এবং সমাজ সংস্কারের ওপর তাঁর গুরুত্ব প্রদানও বিশেষভাবে উল্লেখযোগ্য।

-------------------

আন্তর্জাতিক যোগ দিবসে এবারে মূল অনুষ্ঠানটি হবে কলকাতায়। এ বারের ভাবনা যোগা ফর হেলদি এজিং। আগামী একুশে জুন মধ্য কলকাতার রেড রোড বা সংলগ্ন এলাকায় এই রাজ্য সহ দেশের বিভিন্ন যোগ বিশারদ ও সাধারণ মানুষের উপস্থিতিতে এই অনুষ্ঠান এর আয়োজন করার জন্য ইতিমধ্যেই সেনাবাহিনীর ছাড়পত্র পাওয়া গিয়েছে বলে নবান্ন সূত্রের খবর। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি অনুষ্ঠানে উপস্থিত থাকতে পারেন বলে সূত্রের খবর।

-------------------

সিঙ্গাপুর ওপেন ব্যাডমিন্টনে আজ ভারতের এক উল্লেখযোগ্য দিন। লক্ষ্য সেন, পি ভি সিন্ধু, চিরাগ শেট্টি ও সাত্বিকসাইরাজ রঙ্কিরেড্ডির পুরুষ ডাবলস জুটি এবং ধ্রুব কপিলা ও তানিশা ক্রাস্টোর মিক্সড ডাবলস জুটি—সবাই নিজ নিজ বিভাগে জয়ী হয়ে কোয়ার্টার ফাইনালে প্রবেশ করেছেন।

মহিলা সিঙ্গলসের প্রি-কোয়ার্টার ফাইনালে ভারতের পি ভি সিন্ধু জাপানের রিকো গুঞ্জিকে স্ট্রেট গেমে ২১-৯, ২১-১২ ব্যবধানে সহজেই হারিয়ে দেন। এই জয়ের সঙ্গে

সঙ্গেই সিন্ধু কোয়ার্টার ফাইনালে পৌঁছে গেছেন। এই হাই-প্রোফাইল ম্যাচে দক্ষিণ কোরিয়ার আন সে ইয়ংয়ের মুখোমুখি হবেন তিনি।

অন্যদিকে, পুরুষ সিঙ্গলসে থাইল্যান্ডের বিশ্ব র‍্যাঙ্কিংয়ে দু'নম্বর কুনলাভুত ভিতিদসার্ন চোটের কারণে ম্যাচ থেকে সরে দাঁড়ালে, লক্ষ্য সেন কোয়ার্টার ফাইনালে চলে যান। প্রতীক্ষিত এই ম্যাচটি শুরুর কিছুক্ষণের মধ্যেই শেষ হয়ে যায়। প্রথম গেমের মাত্র দুটি র‍্যালির মাথায় লক্ষ্য যখন ২-০ ব্যবধানে এগিয়ে ছিলেন, তখনই চোটের কারণে ম্যাচ ছেড়ে দেন থাই তারকা।

শেষ ষোলোর এক রোমাঞ্চকর তিন-গেমের লড়াইয়ে লি ঝে-হুই এবং ইয়াং পো-হুয়ানকে ২১-১৫, ১১-২১, ২১-১৮ গেমে পরাজিত করে সাত্বিকসাইরাজ রাঙ্কিরেড্ডি এবং চিরাগ শেঠিও ভারতের শক্তিশালী কোয়ার্টার ফাইনাল দলে যোগ দিয়েছেন।

------------------- -------------------